চিকিৎসা নিতে লন্ডন গেলেন তামিম

পেটব্যথার সমস্যার জন্য চিকিৎসা নিতে আজ শনিবার লন্ডনে গেছেন বাংলাদেশ ক্রিকেট দলের ওয়ানডে অধিনায়ক এবং দলের সবচেয়ে নির্ভরযোগ্য ওপেনিং ব্যাটসম্যান তামিম ইকবাল। আজ শনিবার সকালে এমিরেটসের ফ্লাইটে লন্ডনের উদ্দেশে রওনা হয়েছেন তামিম।

জানা গেছে, প্রথমে দুবাইয়ে যাত্রাবিরতি দিয়ে পরে লন্ডনে যাবেন দেশসেরা এই ওপেনার। লন্ডনে গিয়ে নিজ খরচে দুই সপ্তাহের সেলফ কোয়ারেন্টাইনে থাকতে হবে তামিমকে। এর মধ্যে নভেল করোনাভাইরাসের কোনো উপসর্গ না দেখা গেলে ডাক্তারের কাছে যাবেন বাংলাদেশ অধিনায়ক।

উল্লেখ্য, গত এক মাসে তিনবারসহ লকডাউন চলাকালীন বেশ কয়েকবার পেটের তীব্র ব্যথায় ভুগেছেন বাঁহাতি ওপেনার তামিম। তামিম পেটব্যথার সমস্যা নিয়ে দেশের বিশেষজ্ঞ চিকিৎসকদের পরমর্শ নিয়ে গত কয়েক দিনে বেশ কিছু পরীক্ষা-নিরীক্ষা করালেও চিকিৎসকরা তাঁর পেটের ব্যথা ও হজম সমস্যার পেছনের কারণ শনাক্ত করতে পারেননি।

চিকিৎসকরা তামিমকে হাসপাতালে ভর্তি হতে বললেও চলমান কোভিড-১৯ মহামারির পরিস্থিতি কারণে তিনি ভর্তি হতে পারেননি। অবশেষে গত মঙ্গলবার লন্ডনের এক চিকিৎসকের সঙ্গে ভিডিওকলে পরামর্শ নেওয়ার পর সেখানে যাওয়ার সিদ্ধান্ত নেন ওয়ানডে অধিনায়ক।

সূত্র- বিডি-প্রতিদিন

মেপ্র/আরপি

সুশাসন প্রতিষ্ঠাই জাতীয়

[redacted]: [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted]. [redacted]. [redacted]. [redacted] [redacted] [redacted]

চুয়াডাঙ্গায় নতুন করে ২০ জন করোনায় আক্রান্ত

চুয়াডাঙ্গায় নতুন করে আরও ২০ জন করোনা রোগী সনাক্ত হয়েছে। গতকাল বৃহস্পতিবার এ তথ্য নিশ্চিত করেন চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান।
এ নিয়ে জেলায় মোট করোনা আক্রান্ত হলেন ৪৯০ জন।

নতুন ২০ জনের মধ্যে সদরে ১৪ (রেল পাড়া-১, দৌলতদিয়াড় আলোকদিয়া- ১, বিদ্যুৎ অফিস-২, ফেরীঘাট রোড-১, হক পাড়া-১, বাজার পাড়া-১, বড় বাজার পাড়া-২, কোর্ট পাড়া-১, ফার্ম পাড়া-৩, মল্লিক পাড়া-১) জন।

আলমডাঙ্গা উপজেলায় ৩ (রথতলা-২, ক্যানাল পাড়া-১) ও দামুড়হুদা উপজেলায় ৩ (ইসলাম বাজার দর্শনা-০১, মাদ্রাসা পাড়া-০১, উজিরপুর-০১, লোকনাথপুর হাউলি-০১) জন।
এ ছাড়াও ফলোআপ পজেটিভ এসেছে ১টি। তিনি হলেন দামুড়হুদা উপজেলার উজিরপুরের।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় মহিলা নিহত

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় ১ মহিলা নিহত হয়েছে। গুরুতর আহত হয়েছে আরও একজন। গতকাল বৃহস্পতিবার সকাল ৮ টার সময় চুয়াডাঙ্গা- হাটবোলিয়া সড়কের ভাংবাড়িয়া মাঠে ওই দুর্ঘটনা ঘটে।

নিহত তহিমা আক্তার (৪৫) মেহেরপুর জেলার গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে। আহত আলমসাধু চালক মহব্বত আলী নগরবোয়ালিয়া গ্রামের মৃত আইয়ুব হোসেনের ছেলে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন মহব্বত আলীর অবস্থা সংকটাপন্ন।

জানা গেছে, গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে তহিমা আক্তার আসমানখালী থেকে আলমসাধু যোগে হাটবোয়ালিয়ায় আসছিল।

আলমসাধুটি ভাংবাড়িয়া মাঠে পৌছালে পেছন থেকে একটি বালু ভর্তি ট্রাক সজোরে ধাক্কা দেয়। আলমসাধুটি উল্টে পড়ে। ঘটনাস্থলেই তহিমা মারা যান। গুরুতর আহত হন চালক মহব্বত।

রক্তাত্ব মহব্বতকে স্থানীয়রা হারদী হাসপাতালে নিয়ে যায়। তার অবস্থা খারাপ হওয়ায় চিকিৎসক কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করেন। মহব্বতের শারীরিক অবস্থা আরও সংকটাপন্ন হলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

আলমডাঙ্গায় ৪ দোকানে দুর্ধর্ষ চুরি

আলমডাঙ্গার হাউসপুরে ৪ ব্যবসা প্রতিষ্ঠানে টিন কেটে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। ৯২ হাজার টাকা চুরি করে নিয়েছে একটি চোরচক্র। বুধবার দিবাগত রাতে ৪ প্রতিষ্ঠানে চুরির ঘটনা ঘটে।

জানা গেছে, সোহাগ এন্টার প্রাইজের সিসি টিভি’র ফুটেজে দেখা যায় গতকাল রাত ৩ টা ৯ মিনিটে চোর প্রতিষ্ঠানটি ঢুকে ক্যাশবাক্সের তালা ভাঙ্গা চেস্টা করছে। এসময় সিসি ক্যামেরায় চোখ পড়লে একটু আড়ালে গিয়ে মাথায় গামসা দিয়ে সিসিটিভি লাইন বিচ্ছিন্ন করে দেয়।

চোরচক্র হাউসপুর ব্রীজ মোড়ে অবস্থিত আশরাফুল ইসলামের লেদের দোকান আশরাফ ইঞ্জিনিয়ারিং মেশিনারাজি থেকে ৫০ হাজার টাকা, ইমারত হোসেনের আড়ৎ জুয়েল ট্রেডার্স থেকে ২০ হাজার ,এবিএম সোহাগ হোসেনের দোকান সোহাগ এন্টারপ্রাইজ থেকে ২২ টাকা নিয়ে যায়। চোরেরা হারুন-অর-রশিদদের রাসায়ানিক সারের গোডাউনে ঢুকলেও কোনকিছু নিতে পারেনি।

বড়বড় প্রতিষ্ঠানের চুরির ঘটনায় সাধারণ দোকানীরা আতংকে আছেন। তবে চোর ধরতে মরিয়া হয়ে পড়েছে দোকানীরা। এ ব্যাপারে থানায় সাধারণ ডায়েরী করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবায়দুর রহমান, গাংনী উপজেলা ভাইসচেয়ারম্যান রাশেদুল ইসলাম জুয়েল, উপজেলা স্বাস্থ ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল হক বিশ^◌াস, জাতীয় পাটি জেপির জেলা সভাপতি আব্দুল হালিম, জেলা আওয়ামীলীগের সাবেক নেতা শহিদুল ইসলাম শাহ,

উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি, আওয়ামীলীগ নেতা মনিরুজামান আতু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক ও গাংনী প্রেস ক্লাবের সভাপতি রমজান আলীসহ আইন শৃংখলা কমিটির সদস্য ও বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ফেন্সিডিলসহ ৭ মামলার আসামী আটক

মেহেরপুরে ৬ বোতল ফেন্সিডিলসহ ওটন মোল্লা নামের এক মাদক মামলার আসামীকে আটক করেছে ডিবি পুলিশ। বৃহস্পতিবার দিবাগত রাতে এস আই তরিকুলের নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার বুড়িপোতা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক ওটন মোল্লার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ৭টি মাদকের মামলা রয়েছে। আসামী ওটন সদর উপজেলার বুড়িপোতা গ্রামের বর্ডার পাড়ার মৃত এয়ার মোল্লার ছেলে৷

বিষয়টি নিশ্চিত করে জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, আটক আসামী ওটন মোল্লার বিরুদ্ধে ৭টি মাদকের মামলা বিচারাধীন রয়েছে। এছাড়াও ফেন্সিডিলসহ আটক হওয়ায় তার বিরুদ্ধে আরও একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]